চুয়াডাঙ্গায় বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির জেলা সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি (মার্কসবাদী) চুয়াডাঙ্গা জেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১১টায় শহরের টাউন ফুটবল মাঠের পাশে জেলা কার্যালয়ে এ সম্মেলন অনুষ্টিত হয়। সম্মেলনে কমরেড সৈয়দ মজনুর রহমানকে সভাপতি ও কমরেড আলাউদ্দিন উমরকে সাধারণ সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট দ্বিবার্ষিক কমিটি গঠন করা হয়।

সম্মেলনে সভাপতিত্ব করেন জেলা শাখার সদস্য কমরেড মুনসুর আলী। প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য মিজানুর রহমান ভিটু।

সম্মেলনে দ্বিবার্ষিক কমিটি ঘোষণা করা হয়। কমিটির নেতারা হলেন সভাপতি কমরেড সৈয়দ মনজুর রহমান, সাধারণ সম্পাদক কমরেড আলাউদ্দিন উমর, সাংগঠনিক সম্পাদক কমরেড আব্দুস সামাদ, কোষাধ্যক্ষ কমরেড অ্যাডভোকেট বদর উদ্দিন, দপ্তর সম্পাদক কমরেড মুনসুর আলী এবং সদস্য নির্বাচিত হন কমরেড ডা. আব্দুর রশিদ, কমরেড সেকেন্দার আলী, কমরেড ফরহাদ হোসেন, কমরেড কল্পনা বেগম ও কমরেড দোস্ত মোহাম্মদ।

ঝিনাইদহে জাসদের ৪৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ’র ৪৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। শনিবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে জেলা জাসদের পক্ষ থেকে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাসদ কেন্দ্রীয় উপদেষ্টা মন্ডলীর সদস্য মনোয়ার হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাসদের সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সহ-সভাপতি শরাফত ইসলাম, জলিল মিয়া, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আজিজ খান, সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, দপ্তর সম্পাদক শাহানুর আলম, কোষাধ্যক্ষ মনিরুজ্জামান উজ্জল।

এসময় বক্তারা, দুর্নিতী, লুটপাট, অন্যায় অত্যাচারের বিরুদ্ধে সুশাসনের পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করতে নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান।

মেহেরপুরে বাংলাদেশ কংগ্রেস ও নাগরিক ঐক্যফ্রন্ট

বাংলাদেশ কংগ্রেস মেহেরপুর জেলা শাখা ও নাগরিক ঐক্যফ্রন্ট মেহেরপুর জেলা শাখার সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয় ।
বাংলাদেশ কংগ্রেস মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় সজহ-সাংগঠনিক সম্পাদক মোঃ রাহাতুল হোসেন রাহাত, মেহেরপুর সদর উপজেলা কমিটির সদস্য সচিব মোঃ আল মাসুম শেখ, নাগরিক ঐক্যফ্রন্টের জেলা শাখার আহবায়ক মোঃ মনিরুজজামান সোহেল, নাগরিক নারী ঐক্য ফোরাম জেলা শাখার আহবায়ক মোছাঃ মলিনা খাতুন। সাক্ষাৎ শেষে দেশের চলমান অবস্থা,ভোটাধিকার ও গনতন্ত্র উদ্ধার এর জন্য জনগণের পাশে দাড়ানো, মহামারী করোনা ভাইরাসের প্রাদুর্ভাব নিয়ে নানা করণীয় নিয়ে আলোচনা করা হয়।

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসককে শুভেচ্ছা জানালো বাংলাদেশ কংগ্রেস

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছে বাংলাদেশ কংগ্রেস মেহেরপুর জেলা শাখার নের্তৃবৃন্দরা। এ সময় তাঁকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

বৃহস্পতিবার দুপুরে বাংলাদেশ কংগ্রেস মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোঃ রাহাতুল হোসেন রাহাতের নেতৃত্বে সদর উপজেলা শাখার আহ্বায়ক মোঃ শরিফুল ইসলাম, সদস্য সচিব মোঃ আল মাছুম সেখ, সদস্য আলমগীর হোসেন, বুড়িপোতা ইউনিয়ন আহব্বায়ক মোঃ সবুজ রেজা প্রমুখ।

এসময় নবাগত জেলা প্রশাসক ডাঃ মোহাম্মদ মনসুর আলম খান বলেন বাংলাদেশ কংগ্রেস নতুন রাজনৈতিক দল। এ দলের সকল নেতাকর্মীকে অভিনন্দন।

হেফাজতের বিরুদ্ধে ষড়যন্ত্র বরদাশত করা হবে না: আল্লামা শফী

হেফাজতের বিরুদ্ধে কোনো দুষ্টচক্রের ষড়যন্ত্র বরদাশত করা হবে না মন্তব্য করেছেন হেফাজতের আমীর আল্লামা শাহ আহমদ শফী।

সোমবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এ মন্তব্য করেন তিনি।

আল্লামা শফী বলেন, ‘হযরত রাসুলে কারিম (স) শান-মান, সাহাবায়ে কিরামের আজমতসহ ইসলামের ইজ্জত-সম্মান ও প্রাধান্য সুরক্ষায় হেফাজতে ইসলামের আত্মপ্রকাশ। জাতির এক ক্রান্তিলগ্নে দেশের

নাস্তিক্যবাদী অপশক্তি যখন প্রকাশ্যভাবে আল্লাহ ও তার রাসুল (স) এবং ইসলামের বিভিন্ন মৌলিক বিষয়াবলীর সুস্পষ্ট বিদ্রোহ ঘোষণা করে, অপমানকর বক্তব্য প্রদান করে, তখনই হেফাজতে ইসলাম এসবের বিরুদ্ধে গর্জে উঠে।’

তিনি বলেন, ‘দেশের কোটি কোটি মানুষের ঈমান-আকিদা ও ইসলামী মূল্যবোধ সুরক্ষায় রাজপথে বুকের তাজা রক্ত ঢেলে দেয় এই সংগঠনের কর্মীরা। আবারও যদি কেউ আল্লাহ ও তার রাসুল (স), সাহাবায়ে কিরাম তথা ইসলামের বিরুদ্ধে কোন কথা বলে হেফাজতে ইসলাম পুনরায় গর্জে উঠবে।’

আল্লামা শাহ আহমদ শফী বলেন, ‘নাস্তিক্যবাদী অপশক্তি প্রকাশ্যভাবে হেফাজতে ইসলামের মোকাবিলা করতে পারবে না। ইসলাম বিরোধী ওই অপশক্তি প্রকাশ্য মোকাবিলায় ব্যর্থ হয়ে ইদানিং পেছনের দরজায় হামলা করছে বলে মনে হয়। হেফাজতের ভেতরে ঘাপটি মেরে বসে থাকা একটি সিন্ডিকেট জ্ঞাতে-অজ্ঞাতে আজ নাস্তিক্যবাদীর খেলনায় পরিণত হয়েছে। তারা ভেতরে থেকে হেফাজতে ইসলাম, হেফাজতের ত্যাগী নেতাদের, আমার ও আমার ছেলের বিরুদ্ধে অপপ্রচারে লিপ্ত রয়েছে।’

তিনি বলেন, ‘ভেতর থেকে এসব অপপ্রচার করে তারা হেফাজতে ইসলামকে দুর্বল করতে চায়, সংগঠনটির ইমেজ নষ্ট করতে চায় এবং জনমনে বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা চালাতে চায়।’

বিবৃতিতে আল্লামা শফী বলেন, ‘কোনো সিন্ডিকেট, অপশক্তির ষড়যন্ত্রই এ দেশের ঈমান রক্ষার আন্দোলন হেফাজতে ইসলামকে ধ্বংস করতে পারবে না ইনশাআল্লাহ। বরং তারাই ধ্বংস হয়ে যাবে।’

তিনি আরও বলেন, ‘হেফাজতের বিরুদ্ধে কোন দুষ্টচক্রের ষড়যন্ত্র বরদাশত করা হবে না।’

তিনি ষড়যন্ত্রকারী দুষ্টচক্র কর্তৃক হেফাজতে ইসলামের ভেতরকার কল্পিত বিরোধের অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য সকলকে আহবান জানান।

সূত্র- বিডি-প্রতিদিন

কাম ফর হিউম্যানিটি’র গাংনী উপজেলা কমিটি গঠন

মেহেরপুরে গাংনী উপজেলা শাখার অরাজনৈতিক ও মানব কল্যাণধর্মী স্বেচ্ছাসেবী সংগঠন কাম ফর হিউম্যানিটি-সিএফএইচ এর কমিটি গঠন। আজ বৃহষ্পতিবার চিৎলা ফার্মে আম্রকাননে এর কেন্দ্রীয় কমিটির নির্দেশনা অনুযায়ী আগামী ১ বছরের জন্য ৩১ সদস্য বিশিষ্ট কাম ফর হিউম্যানিটি গাংনী উপজেলা শাখার কমিটি গঠন করা হয়েছে।

সবুজ আহমেদ খানকে সভাপতি ও বিপুল হাসানকে সাধারণ সম্পাদক মনোনীত করে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি অনুমোদন দেয় কাম ফর হিউম্যানিটির সভাপতি মামুন অর রশিদ বিজন ও সাধারণ সম্পাদক তানভীর আহমেদ সাজু।

নবনির্বাচিত কমিটির সভাপতি সবুজ আহম্মেদ খান, সহ-সভাপতি শাকিল পারভেজ, শাহরিয়ার আহম্মেদ রিক্ত, চপল আহম্মেদ, মোঃ রকিবুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ বিপুল হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক সোহরাব হোসেন (চিৎলা), আবু সাঈদ, খাইরুজ্জামান রবিন, সাংগঠনিক সম্পাদক মোঃ শিহাবুর রহমান, সোহরাব হোসেন (শানঘাট), মুজাহিদ খান জাহিদ, দপ্তর সম্পাদক মোঃ উমায়ের (অর্ক), উপ-দপ্তর সম্পাদক মোঃ নাসিম, প্রচার সম্পাদক মোঃ সামি উল ইসলাম, উপ-প্রচার সম্পাদক শাহরিয়ার, সাংস্কৃতিক সম্পাদক শশী মণি,

উপ সাংস্কৃতিক সম্পাদক মোঃ নাহিদ হোসেন, পরিবেশ বিষয়ক সম্পাদক মোঃ মিঠুন হাসান, সহ-পরিবেশ বিষয়ক সম্পাদক আমির হামজা, অর্থ বিষয়ক সম্পাদক আশিকুজ্জামান, সহ-অর্থ বিষয়ক সম্পাদক তপু রায়হান, মহিলা বিষয়ক সম্পাদক শিলা ঊষা, সহ-মহিলা বিষয়ক সম্পাদক সুরভী খাতুন, সমাজসেবা বিষয়ক সম্পাদক শাহিন রেজা (দেবীপুর) সহ-সমাজসেবা বিষয়ক সম্পাদক শেহজাদ নূরানী শাওন।

এসময় সংগঠনের সভাপতি মামুন অর রশিদ বিজন নবনির্বাচিত কমিটিকে শক্তিশালী ভাবে গাংনী উপজেলা তথা মেহেরপুর জেলার উন্নয়নে ও তরুণ সমাজকে একত্রিত করে বৃহৎ সামাজিক নেটওয়ার্ক তৈরির আহবান জানান। সেই সাথে আগামী ১ মাসের মধ্যে গাংনী উপজেলার সকল ইউনিটে কমিটি গঠনের নির্দেশনা দেয়।

তিনি আরও বলেন, কাম ফর হিউম্যানিটি বিগত ২০১৭ সাল থেকে মেহেরপুর জেলার তরুণ ও শিক্ষার্থীদের নিয়ে পরিচালিত হচ্ছে মেহেরপুর জেলা

তথা সমগ্র বাংলাদেশের কল্যাণমূলক কাজের মধ্য দিয়ে। নবনির্বাচিত কমিটির জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানান কেন্দ্রীয় কমিটি।

জাতীয় পরামর্শসভা ডাকতে প্রধানমন্ত্রীর প্রতি জাসদের আহবান

জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদের সভাপতি হাসানুল হক ইনু এমপি ও সাধারণ সম্পাদক শিরীন আখতার এমপি সোমবার এক বিবৃতিতে বলেছেন, বৈশ্বিক মহামারী করোনা বাংলাদেশের জন্যও জাতীয় দুর্যোগের ঝুঁকি তৈরি করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডাক্তার-নার্স-স্বাস্থ্যকর্মী-জনপ্রশাসন-পুলিশ-সশস্ত্র বাহিনী-জনপ্রতিনিধিদের সাথে নিয়ে সামনে থেকে নেতৃত্ব দিয়ে দুর্যোগ ঝুঁকি মোকাবিলায় দিনরাত কাজ করে যাচ্ছেন।

জাসদ নেতৃদ্বয় বলেন, যে কোনো মহামারী বা জাতীয় দুর্যোগে সরকার ও প্রশাসনই সামনে থেকে মাঠে কাজ ও সামগ্রিক সমন্বয় সাধন করে। এটাই মহামারী বা জাতীয় দুর্যোগ মোকাবিলা সার্বজনীন পথ। মহামারী বা দুর্যোগ মোকাবিলায় জনগণকে ঐক্যবদ্ধভাবে সরকারের পাশে থাকতে হয়। মহামারী বা দুর্যোগকালে রাজনৈতিক দলগুলিকেও দলীয় রাজনীতির ঊর্ধে উঠে জনগণকে সচেতন ও ঐক্যবদ্ধ করে সরকারের পাশে দাঁড়ায়। রাজনৈতিক দলগুলি দলীয় রাজনীতির ঊর্ধে উঠে সরকার ও প্রশাসনকে সহযোগিতা করলে সরকার ও প্রশাসনের পক্ষে মহামারী বা দুর্যোগ মোকাবিলা অনেক সহজ হয়।

এই বিবেচনা থেকেই জাসদ সভাপতি হাসানুল হক ইনু ও সাধারণ সম্পাদক শিরীন আখতার করোনা দুর্যোগ মোকাবিলায় জাতীয় ঐক্য জোরদার করতে ও জাতীয় ঐকমত্য গড়ে তুলতে অবিলম্বে জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দ, বিশিষ্ট অর্থনীতিবীদগণ, প্রশাসন পরিচালনায় অভিজ্ঞ ব্যক্তিগণ, সম্পাদক পরিষদসহ শীর্ষ সাংবাদিকদের পরামর্শ নেওয়ার জন্য ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ ও ভিডিও কনফারেন্সের মাধ্যমে পরামর্শ গ্রহণ করার জন্য জাতীয় পরামর্শসভা

ডাকতে প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানিয়েছেন। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

বিএনপি নেতা জাকিরের ত্রাণ বিতরণ অব্যাহত

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ও পিচ এম্বাসেডর জাকির হোসেন এর উদ্যোগে ত্রাণ বিতরণ অব্যাহত রয়েছে। শুক্রবার মেহেরপুর শহরের প্রায় ৩০টি পরিবারের হাতে ব্যক্তিগত ভাবে ত্রাণ খাদ্য সামগ্রী পৌছে দেন।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও ৫ নং ওয়ার্ড যুবদলের সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম মনি এই ত্রাণ সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে পৌছে দেন।

অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ অব্যাহত থাকবে বলে জানান জাকির হোসেন।

মেহেরপুর জেলা জাসদের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

মেহেরপুর জেলা জাসদের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে পুনরায় ওমর আলী সভাপতি ও মাহাবুব চান্দু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর শিশু একাডেমী মিলনায়তনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

জেলা জাসদের সভাপতি ওমর আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাসদেও কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক আব্দুল আলীম স্বপন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কার্যকরী সদস্য মো: আব্দুল্লাহ, কুষ্টিয়া জেলা জাসদেও সাংগঠনিক সম্পাদক অসিত সিংহ রায়।

জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন গাংনী উপজেলা জাসদের সভাপতি আনোয়ার হোসেন, সাধারণ সম্পাদক আব্দুল মতিন।

সম্মেলনের ২য় পর্বে কাউন্সিলদের সমর্থনে ওমর আলীকে পুনরায় সভাপতি ও মাহাবুব চান্দুকে পুনরায় সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয় এবং নতুন কমিটিকে দ্রুত পুর্নাঙ্গ কমিটি করার নির্দেশ দেওয়া হয়।

মেপ্র/ইএম

দেশকে আরও এক ধাপ উত্তরণে সুশাসন চাই: হাসানুল হক ইনু

জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি হাসানুল হক ইনু এমপি বলেছেন, গণতন্ত্রের সুন্দর বাগানের জন্য বন্য শুকর খোয়াড়ে ঢুকিয়ে অর্থনীতি রক্ষায় দুর্নীতিবাজদের দমন করতে হবে। জঙ্গীবাদের মতোই দুর্নীতির মুলোৎপাটন করে দেশকে আরও এক ধাপ উত্তরণে সুশাসন চাই।

গতকাল রবিবার বিকাল ৪টায় কুষ্টিয়া জেলা জাসদের সভাপতি গোলাম মহসিনের সভাপতিত্বে ৩০তম ত্রি-বার্ষিক জেলা সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন।

হাসানুল হক ইনু বলেন, শেখ হাসিনার নেতৃত্বে গত ১০ বছরে প্রথম পর্ব শেষ করে এখন নতুন পর্বে প্রবেশ করেছে দেশ। বিগত ১০ বছরে জঙ্গীবাদ, আগুন, সন্ত্রাস, নাশকতার বিরুদ্ধে যুদ্ধ শেষে দেশ মুক্তিযুদ্ধের চেতনায় ফিরে এসে এক বিস্ময়কর উন্নয়নের যাত্রা শুরু

করেছে।

তিনি বলেন, বিদ্যমান অবস্থায় রাজনীতি, অর্থনীতিতে মৌল গুণগত পরিবর্তন অপরিহার্য হয়ে গেছে। শাসন-প্রশাসন, অর্থনীতি, সংবিধান ও রাজনৈতিক মাঠে শান্তি, যুগোপযোগী মানব সম্পদের দক্ষতা বাড়াতে শিক্ষা ব্যবস্থার বিশৃংখলা দূরীকরণ, জননিরাপত্তা নিশ্চিতকরণসহ সব ক্ষেত্রে যুগান্তকারী পদক্ষেপ নিয়ে জাতীয় উন্নয়ন ঘটাতে হবে।

পরে জাসদ সভাপতি হাসানুল হক ইনু কুষ্টিয়া জেলা জাসদের সম্মেলনে তৃতীয়বারের মতো হাজি গোলাম মহসিনকে সভাপতি এবং আব্দুল আলীম স্বপনকে সাধারণ সম্পাদক করে ৬৮সদস্য বিশিষ্ট জেলা কমিটির ঘোষণা দেন।

এ সময় উপস্থিত ছিলেন জাসদ কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দসহ জেলা- উপজেলার নেতৃবৃন্দ। বর্ণাঢ্য আয়োজনের এই সম্মেলনের শেষ পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

মেপ্র/আরপি